২০২৬

# বাংলা

(মেজর-X)

(এন. ই. পি. পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

ষষ্ঠ সেমেস্টার

কোর্স কোড : BENG-CC-T-603

[NEP-2020]

পূর্ণমান : ৬০ সময় : ২ ঘন্টা ৩০ মিনিট

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*

*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) 'হে কবি তোমার রচিত রাগিণী আমি কি গাহিতে পারি'। 'কবি' এবং 'আমি'-এর পরিচয় কী?

খ) 'মেজো রানী এসে বললেন, ঠাকুর পো। একী সর্বনাশ'।-কোন ঘটনাকে মেজো রানী সর্বনাশ বলে মনে করেছিলেন?

গ) রবীন্দ্রনাথের বিচারক ছোটগল্পটি কত বঙ্গাব্দে লেখা হয়েছিল? এই গল্পে বিচারক চরিত্রের প্রকৃত নাম এবং ছদ্ম নাম উল্লেখ করো।

ঘ) 'কাজেই চুরি করে আনতে হল'-কে কী কেন চুরি করেছিল?

ঙ) 'ওরা ছিল কালের প্রথম বাহন'।-ওরা কারা? 'কালের প্রথম বাহন' বলতে বক্তা কী বুঝিয়েছেন?

[পরের পাতায়]

চ) ‘পোস্টমাস্টার হাসিয়া কহিলেন ‘সে কী করে হবে’।-এই কথার দ্বারা পোস্টমাস্টার কার কোন আকাঙ্খা এড়িয়ে যেতে চেয়েছিলেন?

ছ) ‘আজ ধরেছে উলটো বুলি, এ তো সহ্য হয় না’।-কাদের কোন বুলিকে উলটো বুলি বলে মনে করা হচ্ছে?

জ) ‘ঠিক এই সময়ে আমার সেই আশীর্বাদের প্রয়োজন ছিল’।-কার কোন্ আশীর্বাদের প্রয়োজন বলা হয়েছে?

ঝ) সঞ্চয়িতা গ্রন্থে সংকলিত ‘প্রার্থনা’ কবিতাটি কোন কাব্যগ্রন্থে প্রথম সংকলিত হয়েছিল? সেই কাব্য গ্রন্থটি কবি কাকে উৎসর্গ করেছিলেন?

ঞ) ‘আমার ছায়ার ছায়া, আমার প্রতিধ্বনির প্রতিধ্বনি’।-যার সম্পর্কে বক্তা এই মন্তব্য করেছিলেন তার চরিত্রের দুটি বিশেষ দিক উল্লেখ করো।

ট) ‘তাঁর এই সংকট দেখে আমার মন আরো ব্যথিত হয়ে উঠল’। -কার কী বিষয়ে সংকট?

ঠ) ‘ভয় করতেই হবে, তলোয়ারের বেড়া তুলে বন্যা ঠেকানো যায় না’।-সংলাপটি কার? কাদের উদ্দিষ্ট করে মন্তব্যটি করা হয়েছে?

ড) ‘কাদম্বিনী অনেক দিন পরে আজ অনুভব করিয়াছে যে সে মরে নাই’।-কখন কাদম্বিনীর এইরূপ অনুভূতি হয়েছিল?

ঢ) ‘তার সেই উদ্ভাসিত প্রাণ আমার সেদিনকার সমস্ত সূর্যকিরণকে সজীব করিয়া তুলিল’-কে কাকে কোথায় ‘উদ্ভাসিত প্রাণে’র দ্বারা সজীব করে তুলেছিলেন?

ণ) ‘এই ভারতের মহামানবের সাগর তীরে’ এবং ‘আজি ভারতের মহামানবের সাগর তীরে’-এই পংক্তি দুটি রবীন্দ্রনাথের ‘ভারততীর্থ’ কবিতার ছয়টি স্তবকের মধ্যে কোন কোন স্তবকে ব্যবহৃত হয়েছে?



২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) ‘কিন্তু ভাগ্য আমার ভালো, এই তো আমি জায়গা পাইয়াছি’-বক্তার জায়গা প্রাপ্তি কোন বিষয়কে ব্যঞ্জিত করেছে?

খ) ‘তোমাদের চরণতলাশ্রয়ছিন্ন-মৃণাল’

-মৃণাল নিজেকে কাদের চরণতলাশ্রয়ছিন্ন করেছিলেন? কেন করেছিলেন?

গ) ‘দুঃখের ভিতর দিয়ে যে মুক্তি আসে সেই মুক্তি দুঃখের চেয়ে বড়ো’-বাক্যটি বক্তার জীবনে কিভাবে সত্য হয়ে উঠেছিল?

ঘ) ‘ও বেশ বুঝেছে, ওর ঘরের মধ্যে একটা বিপদ ঘনিয়ে এসেছে কিন্তু তবু আমাকে ঘাড় ধরে বিদায় করে দেয় না কেন?’-কথকের এই প্রশ্নের উত্তর কথকেরই উপলব্ধির আলোকে ব্যাখ্যা করো।

ঙ) ‘কলি যুগে না চলে শাস্ত্র, না চলে অস্ত্র, চলে কেবল স্বর্ণচক্র’-এই সংলাপের অন্তরালে উপস্থাপিত সমাজ বাস্তবতার ব্যাখ্যা দাও।

চ) ‘হায় রে সামান্য মেয়ে/হায় রে বিধাতার শক্তির অপব্যয়’-‘সামান্য মেয়ে’ নিজেকে ‘বিধাতার শক্তির অপব্যয়’ বলে মনে করছেন কেন?

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) ‘জীবিত ও মৃত’ ছোটগল্পে কাদম্বিনীর করুণ পরিণতির আলোকে গল্পকার স্বার্থসর্বস্ব এবং সংস্কারগ্রস্ত মানবসমাজকে যেভাবে বে-আব্রু করে দিয়েছিলেন তা দেখাও।

খ) বঙ্গভঙ্গ বিরোধী এবং বয়কট আন্দোলন 'ঘরে-বাইরে' উপন্যাসের কাহিনিকে কীরূপে নিয়ন্ত্রণ করেছিল তার পর্যালোচনা করো।

গ) 'এবার তিনি ডাক দিয়েছেন তাঁর রশি ধরতে'—রশি ধরার আহ্বান 'রথের রশি' নাটকে সাংকেতিকতার মাধ্যমে কীভাবে ব্যক্ত হয়েছে তার ব্যাখ্যা দাও।

ঘ) 'নির্ঝরের স্বপ্নভঙ্গ' কবিতাতে কবি 'রবিকরে'র স্পর্শ পেয়ে আত্মমুক্তির উল্লাস যেভাবে ব্যক্ত করেছিলেন তা উপস্থাপিত করো।

---